

বিষয়ঃ সাবস্টেশন স্থাপনে ঠিকাদার নিয়োগে দরপত্র বিজ্ঞপ্তি।

অত্র সংস্থার কুমিল্লা মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে মালামাল সহ ১টি ১,২৫০ KVA সাবস্টেশন স্থাপনে এ কাজে অভিজ্ঞ প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র প্রকাশের দিন হতে আগামি ২৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ দুপুর ১১.০০মিঃ ঘটিকা পর্যন্ত বুরো বাংলাদেশ, প্রধান কার্যালয়, বাড়ি নং-১২/এ, রোড নং-১০৪, ব্লক নং- সি ইএন (এফ), গুলশান -২, ঢাকা-১২১২ এর পঞ্চম তলায় প্রশাসন বিভাগ থেকে দরপত্র (Technical Specifications) সংগ্রহ করা যাবে। ২৩/০৯/২০১৯ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে উল্লেখিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে মুখবন্ধ খামে তা জমা দেয়া যাবে। একই দিন দুপুর ১২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) তা খোলা হবে। দরপত্র প্রদানে উল্লেখিত শর্তাবলী পালন করতে হবে।

শর্তাবলী :

১. চাহিদা অনুযায়ী বুরো বাংলাদেশ, মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, ধনপুর, কোটবাড়ি রোড, হালিমানগর, আদর্শসদর, কুমিল্লা- এই ঠিকানায় মালামাল সহ সাবস্টেশন স্থাপন করতে হবে।
২. ক্রেটিয়ুক্ত ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
৩. কার্যাদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে কাজ শুরু করে ৬০ দিনের মধ্যে কাজ শেষ করতে হবে।
৪. সাবস্টেশনে বিদ্যুৎ সংযোগের যাবতীয় কাজ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান করবে। ডিমান্ড নোট জমা দেয়ার টাকা বুরো বাংলাদেশ বহন করবে।
৫. মালামালের ব্রান্ড সহ প্রতিটি পার্টস এর ওয়ারেন্টি বা গ্যারান্টি পিরিয়ড দরপত্রে উল্লেখ করতে হবে।
৬. কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিল ও গ্রহন করার অধিকার সংরক্ষন করেন।
৭. সর্বনিম্ন দরপত্রদাতাকে কার্যাদেশ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়।
৮. ভ্যাট নিবন্ধন পত্র ও আয়কর সনদ সহ কোম্পানীর অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র (ট্রেড লাইসেন্স, পূর্ববর্তী এ ধরনের কাজের গ্রাহকদের তালিকা, Bank solvency certificate) দরপত্রে সংযুক্ত করতে হবে।
৯. সরকারী বিধি অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করে বিল প্রদান করা হবে।
১০. কার্যাদেশ প্রাপ্তির ৬০ দিনের মধ্যে সংযোগ প্রদানসহ সাবস্টেশন সংস্থার নিকট হস্তান্তর করতে হবে।
১১. দরদাতা নির্বাচিত হলে কার্যাদেশ প্রদানের সময় প্রতিষ্ঠানের সঙ্গে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে। এবং একই সাথে কাজ চলাকালীন পর্যন্ত মোট মূল্যের ৫% জামানত হিসাবে পে-অর্ডার জমা দিতে হবে।

ধন্যবাদান্তে-



সমন্বয়কারী -প্রশাসন।

অনুলিপিঃ

- (০১) বুরো বাংলাদেশ website: www.burobd.org
- (০২) জেলা প্রশাসনের নোটিশ বোর্ড কুমিল্লা।
- (০৩) নোটিশ বোর্ড, প্রধান কার্যালয়, বুরো বাংলাদেশ।
- (০৪) নোটিশ বোর্ড, কুমিল্লা অঞ্চল।
- (০৫) নোটিশ বোর্ড, গনপূর্ত বিভাগ, কুমিল্লা।
- (০৬) নোটিশ বোর্ড, কুমিল্লা পৌরসভা।
- (০৭) নোটিশ বোর্ড, স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ, কুমিল্লা।

Head Office